

## 💵 মহিলাদের স্রাব ও প্রসূতি অবস্থার বিধিবিধান সংক্রান্ত ৬০টি প্রশ্ন

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও ওমরার ক্ষেত্রে ঋতুস্রাবের বিধিবিধান রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

প্রশ্ন ৬০: যদি প্রসূতি মহিলা চল্লিশ দিনের আগে পবিত্র হয়, তাহলে তার হজ্জ কি শুদ্ধ হবে? আর যদি পবিত্র না হয়, তাহলে সে কি করবে? জানা আবশ্যক যে, সে ইতিমধ্যে হজ্জের নিয়্যত করে ফেলেছে?

উত্তরঃ যদি প্রসূতি মহিলা চল্লিশ দিনের আগে পবিত্র হয়ে যায়, তাহলে গোসল করে নামায পড়বে এবং পবিত্র মহিলারা যা করে, সেও তাই করবে। এমনকি তওয়াফও করবে। কেননা প্রসূতি অবস্থার সর্বনিম্ন কোন সময় নেই।

অবশ্য পবিত্র না হলেও তার হজ্জ শুদ্ধ হবে। তবে পবিত্র না হওয়া পর্যন্ত তওয়াফ করবে না। কেননা নবী করীম (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ঋতুবতীকে কাবা ঘর তওয়াফ করতে নিষেধ করেছেন।[1] আর এক্ষেত্রে প্রসূতি অবস্থাও ঋতুস্রাবের অবস্থার মত।

## ফুটনোট

1. ৫৪ নং প্রশ্নের টীকা দ্রষ্টব্য।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6048

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন